

আপিল নং- ৪১/২০২৬

আপিলকারী : মোঃ আনোয়ার হোসেন, জেনারেল ম্যানেজার, মাসাফি ব্রেড এন্ড বিস্কুট ইন্ডাস্ট্রিজ লি: ৭৩, পুরানা পল্টন লাইন, বিজয় নগর, ঢাকা- ১০০০।

বনাম


রেসপনডেন্ট : প্রকল্প পরিচালক, সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ফিডিং কর্মসূচি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।


বিষয়ঃ প্রকল্প পরিচালক, সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ফিডিং কর্মসূচি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর কর্তৃক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফিডিং কর্মসূচীর আওতায় ফর্টিফাইড বিস্কুট সরবরাহের নিমিত্ত আহবানকৃত ১১২৭৮৬০ নং (বরিশাল বিভাগ) টেন্ডারের বিপরীতে ই-জিপি পোর্টালে দাখিলকৃত দরপত্রে আপিলকারীকে অন্যায়ভাবে নন-রেসপনসিভ করায় প্রতিকার প্রার্থনায় পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ২৯ এবং ৩০(২) এবং একইসাথে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৭২-৭৩ (১১) বিধি অনুযায়ী রিভিউ প্যানেলে বরাবর আপিল।


অতএব আদেশ হয় যে,

অত্র আপিল দো-তরফাসূত্রে মঞ্জুর করা হলো।

- ১) টেন্ডার আইডি নং ১১২৭৮৬০ (বরিশাল বিভাগ) এর দরপত্র মূল্যায়নে রেসপনসিভ এবং ৪র্থ সর্বোচ্চ দরদাতা প্রাণ ভেইরি লিঃ কে ইস্যুকৃত Notification of Award (NoA) এবং উক্ত কোম্পানির সাথে সম্পাদিত চুক্তি বাতিল করা হলো।
- ২) ক্রয়কারী কর্তৃপক্ষকে মাসাফি ব্রেড এন্ড বিস্কুট ইন্ডাস্ট্রিজ লিঃ কে রেসপনসিভ ঘোষণা করা এবং সর্বনিম্ন দরপত্রদাতা হিসাবে উক্ত দরদাতার সাথে দরপত্রের অবশিষ্ট সময়ের নিমিত্ত ক্রয় কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ৩) ক্রয়কারীকে ভবিষ্যতে আরো সতর্কতার সাথে দরপত্রের বিনির্দেশ (Specification) নির্ধারণ এবং প্রয়োজনে উক্ত বিনির্দেশ (Specification) নির্ধারণ কমিটিতে বিএসটিআই এর একজন প্রতিনিধি রাখার নির্দেশনা প্রদান করা হলো।
- ৪) আপিলকারীর নিরাপত্তা জামানত ফেরত দেয়া হোক।

  
০৯/০৩/২০২৬  
(মোঃ আলিমগীর)  
সদস্য  
রিভিউ প্যানেল-৩

  
০৯/০৩/২০২৬  
(মোঃ সফিকুল ইসলাম)  
সদস্য  
রিভিউ প্যানেল-৩

  
০৯/০৩/২০২৬  
(মোঃ আলি কদর)  
চেয়ারপারসন  
রিভিউ প্যানেল-৩